১৩৫


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
www.ntrca.gov.bd


## ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

সভার তারিখ : ১০ আগস্ট, ২০২১।

সভাপতি : জনাব কাজী কামরুল আহছান, পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান) এবং ইনোভেশন অফিসার, এনটিআরসিএ।

সময় : বেলা ১২:০০ টা।

স্থান : পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান)-এর অফিস কক্ষ।

উপস্থিতি : পরিশিষ্ট-ক

ইনোভেশন অফিসার উপস্থিত ইনোভেশন টিমের সম্মানিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক মার্চ/২০২১ এ প্রকাশিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২১-২২ এ দপ্তর/সংস্থা পর্যায়ের অফিসের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির নতুন কাঠামো-তে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত সুশাসনমূলক কার্যক্রমের অংশ হিসেবে জাতীয় শুদ্ধাচার কৌশল, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন এবং তথ্য অধিকার-এ ০৫টি বিষয়কে সমন্বিতভাবে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)-এর অংশ হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক এ ০৫টি বিষয়ে পৃথক পৃথক কর্মপরিকল্পনা প্রস্তুত করা হয়েছে এবং লক্ষ্যমাত্রাও নির্ধারণ করা হয়েছে। প্রতিটি কর্মপরিকল্পনা প্রথমে পৃথকভাবে মূল্যায়ন করা হবে। মূল্যায়নে প্রাপ্ত নম্বরকে উক্ত কর্মপরিকল্পনা বাস্তবায়নে APA-তে প্রদত্ত ওয়েটেড স্কোরের বিপরীতে রূপান্তর করে প্রাপ্ত নম্বর APA-তে যুক্ত করা হবে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে ২০২১-২২ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার জন্য বরাদ্দকৃত নম্বর ১০। চলতি অর্থবছরে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনায় ০২টি কর্মসম্পাদন ক্ষেত্র নির্ধারণ করা আছে। যা-

(১) ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ এবং
(২) প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি।

প্রতিটি কার্যসম্পাদন ক্ষেত্রের আওতায় একাধিক কার্যক্রম নির্দিষ্ট করা আছে।

ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন সংক্রান্ত কর্মপরিকল্পনা বাস্তবায়ন জোরদারকরণের লক্ষ্যে ০৬টি এবং প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ০২টিসহ মোট ০৮টি কার্যক্রম রয়েছে। ইনোভেশন অফিসার উক্ত কর্মপরিকল্পনা অনুযায়ী কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য এবং কর্মপরিকল্পনা বাস্তবায়নে সর্বোচ্চ স্কোর প্রাপ্তির লক্ষ্যে সকল সদস্যদের মতামত কামনা করেন। এ বিষয়ে কর্মপরিকল্পনার কার্যক্রমভিত্তিক প্রতিটি কর্মসম্পাদন সূচক অনুসারে পয়েন্টভিত্তিক বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :

| আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| **(১) ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ** | | | |
| **[১.১] উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন বিষয়ক আলোচনা**<br>**[১.২] সেবা সহজিকরণ বিষয়ক আলোচনা**<br>**[১.৩] সেবা ডিজিটাইজেশন বিষয়ক** | (ক) ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ এ ০১টি নতুন উদ্ভাবনী ধারণা আগামী ১৬.০৩.২০২২ তারিখের মধ্যে বাস্তবায়নের লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। উক্ত কার্যক্রমের কর্মসম্পাদন সূচকের মান ৫। | (ক) উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন, সেবা সহজিকরণ ও সেবা ডিজিটাইজেশন কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে কমপক্ষে ০১টি নতুন উদ্ভাবনী ধারণা, ০১টি সেবা সহজিকরণ এবং ০১টি সেবা ডিজিটাইজেশন বিষয়ক প্রস্তাব/ধারণা সংগ্রহের জন্য এনটিআরসিএ'র সকল | সকল টিম সদস্য |

১৮৬৪

| আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| **(১) ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ** | | | |
| **আলোচনা** | (খ) আগামী ২৫.০২.২০২২ তারিখের মধ্যে যদি একটি সেবা সহজিকরণ করা যায় সেক্ষেত্রে সর্বোচ্চ নম্বর ৫ পাওয়া সম্ভব।<br><br>(গ) ৩০.১২.২০২১ তারিখের মধ্যে ন্যূনতম একটি সেবা ডিজিটাইজকরণের লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। পূর্ণমান ৫। | কর্মকর্তা ও কর্মচারীকে নোটিশ প্রদান করা হবে এবং ০৩ সপ্তাহের মধ্যে প্রস্তাব দাখিলের অনুরোধ জানানো হবে। প্রস্তাব/ধারণার তালিকা প্রস্তুতের পর চেয়ারম্যান মহোদয়ের সঙ্গে আলোচনাক্রমে তা চূড়ান্ত করা হবে।<br>(খ) প্রমানক হিসেবে প্রতিটি কার্যক্রম সংক্রান্ত অফিস আদেশ সংরক্ষণ করতে হবে। | |
| **[১.৪] ইত:পূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভা বিষয়ক আলোচনা** | এনটিআরসিএ কর্তৃক ইত:পূর্বে যে সকল উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন, সেবা সহজিকরণ ও সেবা ডিজিটাইজেশন করা হয়েছে, সেসকল সেবার বর্তমান অবস্থা এবং সেবাটি সহজিকরণ/ ডিজিটাইজ/ উদ্ভাবনের ফলে কি ফলাফল পাওয়া যাচ্ছে, সে বিষয়ে সংশ্লিষ্ট অংশীজনদের সাথে পর্যালোচনা সভা আগামী ৩০ আগস্ট ২০২১ তারিখের মধ্যে আয়োজন করার নির্দেশনা কর্মপরিকল্পনায় বর্ণিত রয়েছে। যেহেতু ষোড়শ শিক্ষক নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের অবশিষ্ট মৌখিক পরীক্ষা আগামী ২৪ আগস্ট, ২০২১ তারিখ শুরু হবে সেক্ষেত্রে সংশ্লিষ্ট অংশীজনদের সাথে পর্যালোচনা সভা আগামী ২৩ আগস্ট ২০২১ তারিখে আয়োজন করা যেতে পারে মর্মে সদস্যগণ অভিমত ব্যক্ত করেন। ৩০ আগস্টের মধ্যে সভা আয়োজনের জন্য সর্বোচ্চ নম্বর ৪। | (ক) সংশ্লিষ্ট অংশীজনদের সাথে পর্যালোচনা সভা আগামী ২৩ আগস্ট ২০২১ তারিখে আয়োজন করা হবে।<br><br>(খ) সভা আয়োজনের নোটিশ ও সভার কার্যবিবরণী প্রমাণক হিসেবে সংরক্ষণ করতে হবে। | সকল টিম সদস্য |
| **[১.৫] ই-নথির ব্যবহার বৃদ্ধিকরণ বিষয়ক আলোচনা** | ই-নথির মাধ্যমে ৮০% নোট নিষ্পন্ন হলে সর্বোচ্চ নম্বর পাওয়া যাবে। এ কার্যক্রমে বরাদ্দকৃত সর্বোচ্চ নম্বর ৬। | ই-ফাইলিং ব্যবহার বৃদ্ধি কার্যক্রম জোরদারকরণের লক্ষ্যে ই-নথির মাধ্যমে নথি নিষ্পন্নের জন্য কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে। এ জন্য প্রত্যেক অনুবিভাগকে ৮০% কার্যক্রম ই-নথির মাধ্যমে সম্পন্ন করার জন্য উদ্বুদ্ধ করতে হবে। শাখাভিত্তিক উপস্থাপিত ই-নথি এবং হার্ড নথির স্টেটমেন্ট, ফাইল মুভমেন্ট রেজিষ্ট্রার, এটুআই থেকে প্রাপ্ত প্রতিবেদন প্রমানক হিসাবে সংরক্ষণ করতে হবে। | সহকারী পরিচালক (পমূপ্র-১) |

| আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| (১) ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | | | |
| [১.৬] ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজন বিষয়ক আলোচনা | ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে ০৪টি অবহিতকরণ সভা আয়োজন করা হলে পূর্ণ নম্বর ৪ অর্জিত হবে। এ জন্য ত্রৈমাসিক ভিত্তিতে ০৪টি কোয়ার্টারে ০৪টি সভা আয়োজন করা যেতে পারে। | ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় সম্পর্কে ০৪টি অবহিতকরণ সভা/কর্মশালা যথাসময়ে আয়োজনের লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হবে।<br>কর্মশালা/সভার নোটিশ, উপস্থিতিপত্র ও স্থিরচিত্র প্রমানক হিসেবে সংরক্ষণ করতে হবে। | সহকারী পরিচালক, প্রশাসন (HRM) |

| আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| (২) প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি | | | |
| [২.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ বিষয়ক আলোচনা | কর্মপরিকল্পনায় তথ্য বাতায়নের সকল সেবা বক্স হালনাগাদকরণ এবং বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি তথ্য বাতায়নে প্রকাশ সংক্রান্ত কার্যক্রমে বরাদ্দকৃত নম্বর ৬। ওয়েবসাইটে হালনাগাদকরণের স্ক্রিনশটসহ ত্রৈমাসিক প্রতিবেদন প্রস্তুত করতে হবে। | তথ্য বাতায়ন হালনাগাদ কার্যক্রমের অংশ হিসেবে তথ্য বাতায়নের সকল সেবা বক্স হালনাগাদ করতে হবে এবং বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি তথ্য বাতায়নে প্রকাশ করতে হবে। এ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | সহকারী প্রোগ্রামার |
| [২.২] ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন | ২.২.১- কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ০৪টি প্রশিক্ষণ আয়োজন করতে পারলে সর্বোচ্চ নম্বর ৩ পাওয়া সম্ভব।<br>২.২.২- ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য ৮০% বরাদ্দকৃত অর্থ ব্যয় করতে পারলে সর্বোচ্চ নম্বর ৩ পাওয়া যাবে।<br>২.২.৩- কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা ০৪টি আয়োজন করা গেলে পূর্ণ নম্বর ৩ পাওয়া যাবে।<br>২.২.৪- কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রণালয়ে ১৩.০১.২০২২ তারিখের মধ্যে প্রেরণ করা হলে পূর্ণনম্বর ৩ পাওয়া যাবে।<br>২.২.৫- দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শন করা হলে পূর্ণনম্বর ৩ পাওয়া যাবে। | সর্বোচ্চ নম্বর প্রাপ্তির লক্ষ্যে আলোচনা মোতাবেক যথাসময়ে নির্দিষ্ট সংখ্যক সভা ও প্রশিক্ষণ আয়োজন করা হবে এবং নির্ধারিত প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।<br>এক্ষেত্রে নিম্নোক্ত প্রমানকসমূহ প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>২.২.১-প্রশিক্ষণ/কর্মশালার নোটিশ, উপস্থিতিপত্র ও স্থির চিত্র<br>২.২.২-অর্থ ব্যয়ের প্রতিবেদন<br>২.২.৩-সভার নোটিশ, উপস্থিতিপত্র এবং কার্যবিবরণী<br>২.২.৪-অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন<br>২.২.৫-জিও বা সরকারি আদেশের কপি। | সহকারী পরিচালক, প্রশাসন (HRM) ও উপপরিচালক (শি.শি.) |

১৬৩২

ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ নির্দেশিকা অনুযায়ী কাঙ্খিত লক্ষ্যমাত্রা ভিত্তিক পুরো বছরের সময়াবদ্ধ কর্মসূচিসমূহের একটি ক্যালেন্ডার প্রণয়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় ইনোভেশন অফিসার ইনোভেশন টিমের উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৬/৮/২০২১

(কাজী কামরুল আহছান)
পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান)
ও
ইনোভেশন অফিসার
এনটিআরসিএ, ঢাকা।
ফোন: ০২-৪১০৩০১২১

স্মারক নং: ৩৭.০৫.০০০০.০০৯.৬০.০০১.২০-১৪৬১(ক)

তারিখ: ০৭ ভাদ্র, ১৪২৮ / ১৬ আগস্ট, ২০২১।

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সদস্য (প্রশাসন ও অর্থ/পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন/শিক্ষতত্ত্ব ও শিক্ষামান), এনটিআরসিএ, ঢাকা।
২. পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান), এনটিআরসিএ, ঢাকা।
৩. উপপরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান), এনটিআরসিএ, ঢাকা।
৪. সহকারী পরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন-১), এনটিআরসিএ, ঢাকা।
৫. সহকারী পরিচালক, প্রশাসন (ক্রয় ও সেবা), এনটিআরসিএ, ঢাকা।
৬. পিএ টু চেয়ারম্যান, এ কার্যালয়, চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।

১৬/০৮/২০২১

(শারমিন সুলতানা)
সহকারী পরিচালক, প্রশাসন (HRM)
ও
সদস্য, ইনোভেশন টিম
এনটিআরসিএ, ঢাকা।
ফোন: ০২-৫৫১৩৮৫০৭